সেন্ট যোসেফস্ স্কুল

অনলাইন মডেল টেস্ট - ২০২০

৯ম শ্রেণি

বিষয় ঃ অর্থনীতি

সময় - ২ ঘন্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** **পূর্ণমান - ৭০**

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশিস্নষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন সাতটি প্রশ্নেরউত্তর দাও।]

১. রুমি ও তার প্রবাসী বন্ধুর টেলিফোনে কথোপকথন-
রুমি: প্রতি মাসের চালের খরচ বেড়েই চলেছে।
সুমি: আমার মাসিক খরচ সব সময় একই থাকে।
রুমি: তোমাদের দেশে এটি কীভাবে সম্ভব?
সুমি: কেউ ইচ্ছে করলেই এ দেশের দ্রব্যের দাম বাড়াতে পারে না।

ক) ভূমিবাদীদের মতে উৎপাদনশীল খাত কোনটি? ১
খ) দুষ্প্রাপ্যতা বলতে কী বোঝায়? ২
গ) সুমির দেশে কোন অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ) সুমির দেশের অর্থব্যবস্থার সাথে মিশ্র অর্থব্যবস্থার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

২. জনাব ‘ক’ একটি সরকারি ব্যাংকের কর্মকর্তা। তাঁর বড় ছেলে লেখাপড়া শেষ করে নিজ দেশে একটি ব্যবসা প্রতিষ্ঠান খুলেছে। তাঁর ছোট ছেলে বিদেশে থাকে। সেখানে সে তার ভাইয়ের মত ব্যবসা প্রতিষ্ঠান করতে চাইলে তাঁর বন্ধুরা তাকে বলে, “এখানে তুমি এ ধরনের কোনো প্রতিষ্ঠান করতে পারবে না। এখানকার সবকিছু সরকারিভাবে পরিকল্পনা কমিশন কর্তৃক পরিচালিত হয়।

ক) অর্থনীতির সংজ্ঞা দাও। ১
খ) যুক্তিবাদী মানুষ প্রান্তিক পর্যায় নিয়ে চিন্তা করে কেন? ২
গ) জনাব ‘ক’ এর দেশে কোন ধরনের অর্থব্যবস্থা প্রচলিত? ৩
ঘ) জনাব ‘ক’ এর ছোট ছেলে যে দেশে থাকে সে দেশের অর্থব্যবস্থা চিহ্নিতপূর্বক উৎপাদকের স্বাধীনতার উপর মন্তব্য কর। ৪

৩. রহিম মিয়া একজন বর্গাচাষি। তার পরিবারের লোকসংখ্যাও অধিক। এতবড় পরিবার চালাতে তাকে হিমশিম খেতে হয়। যার দরুন তার পরিবার বিভিন্ন সমস্যায় জর্জরিত। তারপরও সে প্রত্যেক সমস্যা সমাধানে বিভিন্ন উপায়ে সমন্বয় সাধন করেছেন।

ক) অর্থনৈতিক কার্যাবলি কী? ১
খ) আমাদের মেধকে উন্নয়নশীল দেশ বলা হয় কেন? ২
গ) রহিম মিয়াকে সীমিত সম্পদের জন্য কী কী সমস্যার সম্মুখীন হতে হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ) রহিম মিয়া কি সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে তার সমস্যা দূর করতে পারে বলে তুমি মনে কর? সত্যসত দাও। ৪

৪. হাফিজ তাঁর কথার মাধ্যমে সহজেই মানুষকে উদ্বুদ্ধ করতে পারেন। মানুষকে সংগঠিত করার দক্ষতা তার অপরিসীম। দেশের বিভিন্ন স্থান থেকে আসা মালামাল সংরক্ষণের জন্য সদর ঘাটে তার একটি ঘর আছে। এখান থেকে তাঁর কর্মচারীরা তাঁর কথা মতো দেশের বিভিন্ন স্থানে মালামাল সরবরাহ করেন।

ক) অর্থনৈতিক দ্রব্য কাকে বলে? ১
খ) প্রাকৃতিক সম্পদ বলতে কী বোঝায়? ২
গ) হাফিজের সদরঘাটের ঘরটি অর্থনীতিতে কী ধরনের দ্রব্য? ব্যাখ্যা কর। ৩
ঘ) হাফিজের গুণাবলি কি সম্পদ? উত্তরের সপক্ষ্যে যুক্তি দাও। ৪

৫. রাজু গাড়ি কারখানার একজন দক্ষ শ্রমিক। সে তাঁর দক্ষতা অর্জন করেছে বলিষ্ঠ উদ্যোগ ও নিজস্ব অভিজ্ঞতার মাধ্যমে। আমাদের দেশে যতটুকু সম্পদ রয়েছে তার সুষ্ঠু ব্যবহারে সকলের যত্নবান হওয়া উচিত।

ক) সম্পদ কী? ১
খ) সম্পদের প্রধান বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
গ) রাজুর দক্ষতা কী মনুষ্যসৃষ্ট সম্পদ বা মানবিক সম্পদ? বিশ্লেষণ কর।৩
ঘ) “বাংলাদেশের উন্নয়নে সম্পদের সুষ্ঠু ব্যবহারে দক্ষ মানবসম্পদ তৈরী প্রয়োজন”- উক্তিটি রাজুর অবস্থার আলোকে ব্যাখ্যা কর। ৪

৬. ফারজানা হক একজন নার্স।সে শহরের একটি হাসপাতালে শিশু ওয়ার্ডে কাজ করে। সে সারাদিন শিশুদের সান্নিধ্যে সময় কাটায়। দিনের শেষে সে যখন বাড়ি ফিরে আসে তখন তার দুই মেয়ে বিরা ও বিনাকেও সে লালন-পালন ও দেখাশোনা করে।

ক) অর্থনৈতিক দ্রব্য কী? ১
খ) সম্পদ বলতে কী বোঝায়? ২
গ) উদ্দীপকে বর্ণিত ফারজানা হকের পেশাটি কি অর্থনৈতিক কাজ? ব্যাখ্যা কর। ৩
ঘ) ফারজানা হকের সন্তানের দেখাশোনা করা এবং হাসপাতালের শিশুদের দেখাশোনা করার মাঝে কোনো পার্থক্য আছে কি? তোমার মতামত দাও। ৪

৭. সুজন বাজারে গিয়ে দেখে, আলুর দাম প্রতি কেজি ২৫ টাকা। সে ১২০ কেজি আলু কেনে, কিন্তু করিম একই দামে ১৬০ কেজি আলু বিক্রি করতে চায়। পরদিন আলুর দাম কমে ২০ টাকা হওয়াতে সুজন ১৪০ কেজি আলু কেনে এবং করিম ১৪০ কেজি আলু বিক্রি করে।

ক) চাহিদা কাকে বলে? ১
খ) চাহিদা বিধিটি ব্যাখ্যা কর? ২
গ) করিমের আলুর যোগান রেখা অঙ্কন করে ব্যাখ্যা কর। ৩
ঘ) তুমি কি মনে কর, সুজন ও করিম আলুর বাজারে ভারসাম্য দামে পৌছাতে পেরেছে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৮. নিচে একটি পণ্যের চাহিদা সূচি দেয়া হলো:-

পণ্যের দাম (টাকায়)	চাহিদার পরিমাণ (একক)	যোগানের পরিমাণ (একক)
২	১৫	০৫
৪	১০	১০
৬	০৫	১৫

ক) যোগান কাকে বলে? ১
খ) উপযোগ একটি মানসিক ধারণা- ব্যাখ্যা কর? ২
গ) উদ্দীপকের সূচির আলোকে চাহিদা রেখা অঙ্কন করে ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকের সূচির আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ রেখাচিত্রের সাহায্যে নির্ণয় কর। ৪

৯.



ক) ভারসাম্য দাম কী? ১
খ) ভারসাম্য পরিমাণ বলতে কী বোঝায়। ২
গ) উদ্দীপকের P_2 দামে কি ভারসাম্য অর্জন সম্ভব? ব্যাখ্যা করো। ৩
ঘ) ভারসাম্য কোন বিন্দুতে নির্ধারিত হবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০. কবির একজন ব্যবসায়ী। দেশের বিভিন্ন স্থানে তার কয়েকটি ফার্নিচারের দোকান আছে। তিনি ৩০ জন কর্মচারীর সাহায্যে কাঠ থেকে বিভিন্ন ধরনের আসবাবপত্র তৈরী করে দোকানে সরবরাহ করেন। প্রতিটি দোকানের জন্য তিনি আলাদা লোক নিয়োগ করেন। পণ্যের বাজার বিস্তৃত করার জন্য তিনি প্রদর্শনীতে অংশ নিয়ে থাকেন। বাজারে তার আসবাবপত্রের চাহিদা দিন দিন বেড়েই চলেছে।

ক) শ্রম কাকে বলে? ১
খ) ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি বলতে কী বোঝায়? ২
গ) কবিরের উপযোগ সৃষ্টির প্রক্রিয়াটি তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ) কবিরকে কি একজন সফল সংগঠক বলা যায়? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

১১. রহিমা বেগম হাঁস-মুরগির খামার গড়ে তুলেছেন। খামার থেকে সারা বছরই প্রচুর ডিম উৎপাদিত হয়। গ্রামের ডিমের দাম কম থাকায়, শহরে ডিমগুলো বিক্রয় করে তিনি প্রচুর মুনাফা পান। হাঁস-মুরগির খামারের পাশাপাশি তিনি মাছ চাষও শুরু করেন। রহিমা বেগম হাঁস-মুরগি এবং মাছ চাষের জন্য ১৫ জন শ্রমিক নিয়োগ করেন। কয়েক বছরের মধ্যে তিনি অর্থনৈতিক সাফল্য অর্জন করেছেন।

ক) উৎপাদন কী? ১
খ) প্রকৃত উৎপাদন ব্যয় বলতে কী বোঝায়? ২
গ) রহিমা বেগমের হাঁস-মুরগির খামারটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) তুমি কী মনে কর রহিমা বেগম একজন দক্ষ সংগঠক? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪